ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২০৩৭

কৈলাসহর, ৩০ জুলাই, ২০২৫

**মনু নদীতে ছাড়া হলো ২ লক্ষ ৩০ হাজার মাছের পোনা**

মৎস্য দপ্তরের উদ্যোগে আজ কৈলাসহরের কামরাঙ্গা ব্রিজ সংলগ্ন মনু নদীর অংশে একটি রিভার রেঞ্চিং কর্মসূচি অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনার আওতায় এই কর্মসূচির মাধ্যমে প্রায় ২ লক্ষ ৩০ হাজার বিভিন্ন প্রজাতির মাছের পোনা মনু নদীতে ছাড়া হয়েছে। উল্লেখ্য এই কর্মসূচির জন্য ব্যয় হয়েছে ৬ লক্ষ ৫৮ হাজার টাকা। আজকের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চন্ডীপুর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান বিনয় সিংহ, গৌরনগর ব্লকের বিডিও নবারুন চক্রবর্তী, মৎস্য দপ্তরের উপঅধিকর্তা তারেন্দ্র দেববর্মা, মৎস্য দপ্তরের সুপারিন্টেনডেন্ট প্রণব কান্তি নাথ ও মৎস্য আধিকারিক অঞ্জন দাস।

******